

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC)
নিম্নরূপভাবে গঠন করেছেঃ

(ক) পরিষদের গঠনঃ

- (১) শেখ হাসিনা - চেয়ারপারসন
প্রধানমন্ত্রী
- (২) মন্ত্রিসভার সকল সদস্য - সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ

- (১) মন্ত্রিপরিষদ সচিব
(২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
(৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) পরিষদের কার্যপরিধিঃ


- (১) দারিদ্র্য নিরসন কৌশলপত্র, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপনের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;
- (২) পরিকল্পনা, কর্মসূচি এবং কর্মপন্থা চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;
- (৩) উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ; এবং
- (৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

২। পরিষদের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৩। পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ নূরুল করিম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৮

তারিখ ১১ বৈশাখ, ১৪২১
২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


২৪/০৪/২০১৪
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী সচিব
ফোন : ৯৫১১০৮১